

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
www.plandiv.gov.bd

নং-২০.০০.০০০০.৩২৮.৩৬.০০১.১৯-৪২৩

তারিখঃ ১১ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
২৪ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : এপিএ টিমের ৭ম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ ক্যালেন্ডার অনুযায়ী এপিএ টিমের মাসিক অগ্রগতি পর্যালোচনা ৬ষ্ঠ সভা গত ০৮/০১/২০ তারিখ অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে ২০১৯-২০ অর্থ-বছরের অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন গত ১১/০২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পর্যালোচনাপূর্বক ফিডব্যাক প্রদান করা হয়েছে। সে আলোকে ফিডব্যাকে প্রদত্ত সূচকসমূহের বাস্তবায়ন বিষয়ে গত ১৩/০২/২০২০ তারিখে অনুষ্ঠিত এপিএ টিমের সভায় আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) কর্মসম্পাদন চুক্তির যে সমস্ত সূচক পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বিভিন্ন বিভাগ/অনুবিভাগ/অধিশাখা/শাখার সাথে সংশ্লিষ্ট সে সমস্ত সূচক বাস্তবায়নের জন্য উইং/শাখা পর্যায়ে মাসে অন্তত একবার অগ্রগতি পর্যালোচনা সভা করতে হবে;

(খ) কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কাজের আলোকচিত্র (ছবি) গ্রহণ এবং পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড এবং সকল প্রমাণকের হার্ডকপি ও সফটকপি অনলাইনে (ro.pms@plandiv.gov.bd) কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখায় প্রেরণ করতে হবে;

(গ) আগামী ২০২০-২১ অর্থবছরে এপিএ প্রণয়নের জন্য কৌশলগত উদ্দেশ্যের সূচকসমূহ অধিকতর কার্যকর, যুগোপযোগী ও যুক্তি যুক্তকরণের জন্য স্ব স্ব বিভাগ/অনুবিভাগ/অধিশাখা/শাখা থেকে উদ্যোগ গ্রহণ করতে হবে।

০২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে সবিনয় অনুরোধ জানানো হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯১৮০৭৯২

e-mail: ro.pms@plandiv.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১. সচিব, (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব (নীতি ও সমন্বয়))
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত্র, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, আগারগাঁও, ঢাকা।
৫. প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন/সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. যুগ্মপ্রধান (সকল), সমন্বয়, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৯. উপসচিব, (প্রশাসন-১/২/৩/৪/প্রটোকল/এসএসআরসি/সাধারণ অধিশাখা-২/বাজেট) পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সহকারী সচিব, (পিটি/ প্রটোকল/ সাধারণ শাখা-১) পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৩. সহকারী প্রোগ্রামার, ই-সার্ভিস শাখা, (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
১৩. অফিস কপি।